গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৬.১৩৫৬ তারিখ: ০৩/০২/২০২৬ খ্রি.

**২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্স এবং বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি**

**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে:**

১. অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের টেলিটক এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন করতে হবে। ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

২. অনলাইনে আবেদন পুরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি *www.dgme.gov.bd* ও *www.dghs.gov.bd* ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। আবেদন ফি (২০০+১০০)= ৩০০/- (তিনশত) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

৩. অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ : ০৩/০২/২০২৬ খ্রি.

৪. অনলাইন আবেদন শুরুর তারিখ : ০৫/০২/২০২৬ খ্রি.

৫. অনলাইন আবেদনের শেষ তারিখ : ০১/০৩/২০২৬ খ্রি.

৬. আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ০২/০৩/২০২৬ খ্রি.

৭. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ও কোটা নির্ধারনে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ও অনুমোদিত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' প্রযোজ্য হবে।

৮. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। বেসরকারি মেডিকেল কলেজে ছাত্র/ছাত্রী ভর্তিসহ সকল ক্ষেত্রে এমবিবিএস এবং বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হবে।

৯. অনলাইন ফরম পূরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট *www.mefwd.gov.bd*, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট *www.dgme.gov.bd*, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট *www.dghs.gov.bd* ও টেলিটক এর ওয়েব সাইট *http://dgme.teletalk.com.bd* হতে জানা যাবে।

১০. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১১. নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১২. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৩/০২/২০২৬

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস এবং বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

CamScanner